# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
# BANGLADESH WATER DEVELOPMENT BOARD

শৃংখলা পরিদপ্তর
পানি ভবন (লেভেল-৭)
৭২, গ্রীণরোড, ঢাকা-১২০৫
ফোন ঃ ০২২২২২৩০০৭৬
dir.discipline.bwdb@gmail.com
ওয়েব সাইট: www.bwdb.gov.bd

Directorate of Discipline
Pani Bhaban (Level-7)
72, Green Road, Dhaka-1205
Phone : 02222230076
dir.discipline.bwdb@gmail.com
Website: www.bwdb.gov.bd

নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৩০১.২২-৪৭৬

তারিখঃ ১৩-০৯-১৪৩০ বঃ
২৮-১২-২০২৩ খ্রিঃ

## দপ্তরাদেশ

জনাব মোঃ জাবেদ ইকবাল (পরিচিতি নং-৯৩১২৩১০০৩), সাবেক উপ-বিভাগীয় প্রকৌশলী, বাবুগঞ্জ পওর উপ-বিভাগ, বাপাউবো, বরিশাল বর্তমানে নির্বাহী প্রকৌশলী (চঃদাঃ), মৌলভীবাজার পওর বিভাগ, বাপাউবো, মৌলভীবাজার এর বিরুদ্ধে বাবুগঞ্জ পওর উপ-বিভাগ, বাপাউবো, বরিশালে কর্মরত থাকাকালীন "বরিশাল জেলার সদর উপজেলায় কীর্তনখোলা নদীর ভাঙ্গন হতে চরবাড়িয়া এলাকা রক্ষা (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পে কাজের গুণগত মান ও পরিমাণ টাস্কফোর্স সদস্য কর্তৃক গত ১৮-১২-২০২১ খ্রিঃ তারিখে পরিদর্শনকালে দৈবচয়ন ভিত্তিতে যাচাইকল্পে প্যাকেজ নং-BSL/2018-19/CB/WD-03 এবং BSL/2018-19/CB/WD-04 এর সংশ্লিষ্ট ঠিকাদারী প্রতিষ্ঠান কর্তৃক BWDB Laboratory, Barishal এ জমাকৃত সিসি ব্লকসমূহের এবং টাস্কফোর্স কর্তৃক টেস্টের জন্য বাছাইকৃত ৯টি সিসি ব্লকের স্থিরচিত্রের মধ্যে গড়মিলের বিষয়টি পরিলক্ষিত হয়। তাছাড়া, কার্য সাইট হতে ব্লক টেস্ট ল্যাবরেটরিতে বিলম্বে পরিবহন ও ৯ টি সিসি ব্লকের স্থিরচিত্রের মধ্যে গরমিল সংক্রান্ত অনিয়মের অভিযোগে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা-২০১৩ অনুযায়ী অভিযোগনামা আনয়ন পূর্বক কার্যধারা সূচনা করতঃ প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৮(ক) ও ৪৮(খ) অনুযায়ী অভিযুক্ত করে অত্র দপ্তরের স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৩০১.২২-২৮৯ তারিখঃ ০৫-০৯-২০২৩ খ্রিঃ মোতাবেক অভিযোগনামা প্রেরণ পূর্বক ১০ কার্যদিবসের মধ্যে আত্মপক্ষ সমর্থনে লিখিত বিবৃতি দাখিলের জন্যে নির্দেশনা প্রদান করা হয়।

২। জনাব মোঃ জাবেদ ইকবাল, নির্বাহী প্রকৌশলী (চঃদাঃ) এর বিরুদ্ধে সূচিত কার্যধারায় উল্লিখিত অভিযোগের প্রেক্ষিতে লিখিত বিবৃতি দাখিল করেন। তার দাখিলকৃত লিখিত বিবৃতি পর্যালোচনান্তে কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত সিদ্ধান্ত মোতাবেক কার্যধারায় আনীত অভিযোগ তদন্ত করার জন্য অত্র দপ্তরের দপ্তরাদেশ নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৩০১.২২-৩৫২ তারিখঃ ১৯-১০-২০২৩ খ্রিঃ এর মাধ্যমে একজন তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তৎপ্রেক্ষিতে তদন্ত কর্মকর্তা তদন্ত প্রতিবেদন দাখিল করেন।

৩। তদন্ত কর্মকর্তার দাখিলকৃত তদন্ত প্রতিবেদন ও আনুসঙ্গিক সকল রেকর্ডপত্র পর্যালোচনান্তে জনাব মোঃ জাবেদ ইকবাল, নির্বাহী প্রকৌশলী (চঃদাঃ) এর বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত না হওয়ায় তাকে আনীত অভিযোগ হতে অব্যাহতি প্রদানের বিষয়ে কর্তৃপক্ষ কর্তৃক সিদ্ধান্ত গৃহীত হয়।

৪। অতএব, কর্তৃপক্ষের উক্ত সিদ্ধান্ত মোতাবেক এতদ্বারা জনাব মোঃ জাবেদ ইকবাল, নির্বাহী প্রকৌশলী (চঃদাঃ), মৌলভীবাজার পওর বিভাগ, বাপাউবো, মৌলভীবাজার'কে আনীত অভিযোগ হতে অব্যাহতি প্রদান করা হলো।

৫। এতে মহাপরিচালক মহোদয়ের অনুমোদন রয়েছে।

২৮/১২/২০২৩

(মোঃ নোমান ফরিদ)
পরিচালক
পরিচিতি নম্বর-৬৬০৮০৫০০২

নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৩০১.২২-৪৭৬(৮)

তারিখঃ ১৩-০৯-১৪৩০ বঃ
২৮-১২-২০২৩ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলোঃ

১. প্রধান প্রকৌশলী, দক্ষিণাঞ্চল, বাপাউবো, বরিশাল।
২. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বরিশাল পওর সার্কেল, বাপাউবো, বরিশাল।
৩. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, মানব সম্পদ উন্নয়ন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৪. সি.এস.ও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৫. সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৬. নির্বাহী প্রকৌশলী, বরিশাল পওর বিভাগ, বাপাউবো, বরিশাল।
৭. জনাব মোঃ জাবেদ ইকবাল, নির্বাহী প্রকৌশলী (চঃদাঃ), মৌলভীবাজার পওর বিভাগ, বাপাউবো, মৌলভীবাজার।
৮. ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), বাপাউবো, ঢাকা।

২৮/১২/২৩

(শেখ মোঃ আবদুল খালেদ)
উপ পরিচালক (চঃদাঃ)
পরিচিতি নম্বর-৭১১২১৬০০১

ডায়েরী নং ৩৭২২
সিস্টেম এনালিস্ট
প্রোগ্রামার ১/২
সহকারী প্রোগ্রামার ১/২/৩/৪
নেটওয়ার্ক প্রকৌশলী
হিসাব রক্ষক
অফিস সহঃ কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক

তারিখঃ ৩১/১২/২৩
জরুরী/অতি জরুরী
প্রয়োজনীয় ব্যবস্থা নিন
নথিতে পেশ করুন
আলোচনা করুন
নথিতে রাখুন

সিনিয়র সিস্টেম এনালিস্ট
কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।

E:\Quddus\OO. Realese.docx40